

# StEPS

রাজ্যব্যাপী প্রি-স্কুলগামীদের  
দৃষ্টিশক্তির পরীড়াকরণ  
বা স্ক্রীনিং

Statewide Eyesight Preschooler Screening

শিশু এবং পারিবারিক স্বাস্থ্য  
সেবাব্যবস্থার বিস্তারিত বর্ণনা

StEPS  
Statewide Eyesight  
Preschooler Screening



StEPS প্রকল্প সম্পর্কে আপনার  
কি জানা প্রয়োজন

## StEPS কি?

StEPS প্রকল্পটি NSW স্বাস্থ্য বিভাগের একটি উদ্যোগ যা ৪ বছর বয়সী সকল শিশুদের বিনামূল্যে দৃষ্টিশক্তি পরীক্ষার সেবা প্রদান করে।

## আমার সন্স্থানের দৃষ্টি স্ক্রীনের প্রয়োজন কেন?

- শিশুরা কদাচিৎ চোখের সমস্যা নিয়ে অভিযোগ করে
- শিশুরা ভালোভাবে দেখতে পায় না এটা তারা উপলব্ধি নাও করতে পারে
- কিছু কিছু শিশু এক চোখে ভালো দেখতে পায় কিন্তু অন্য চোখের দৃষ্টি খুব খারাপ থাকে
- শিশুদের চোখ দেখতে স্বাভাবিক লাগতে পারে এবং পিতামাতা/সেবাদানকারীরা মনে করতে পারেন যে তাদের শিশু ভালোভাবে দেখতে পায় কিন্তু কোন কোন শিশুদের দৃষ্টির সমস্যা থাকতেও পারে
- শিশুর দৃষ্টির কোন সমস্যা আছে কিনা তা জানার একমাত্র উপায় শিশুর প্রতিটি চোখ আলাদাভাবে পরীক্ষা করা।



## আপনি কি জানতেন?

- যদি একটি শিশুর 'অলস দৃষ্টি' থাকে তাহলে চিকিৎসা না করলে সেটি চরমভাবে দৃষ্টি হারানোর বা অন্ধত্বের দিকে যেতে পারে
- যদি কোন শিশুর দৃষ্টির সমস্যা থাকে তাহলে যতো তাড়াতাড়ি সমস্যা সনাক্ত করা যায় এবং চিকিৎসা করানো যায় ততোই দৃষ্টির ভালো ফল পাওয়া যায়
- যদি পিতামাতা শিশু অবস্থায় চশমা ব্যবহার করে অথবা দৃষ্টির সমস্যা থেকে থাকে তাহলে তাদের সন্স্থানদেরও দৃষ্টির সমস্যা থাকতে পারে
- আট বছর বয়সের পর কিছু শিশু বয়সের দৃষ্টি সমস্যার চিকিৎসা করানো যায় না এবং এতে করে শিশুটি সারা জীবন খারাপ দৃষ্টি নিয়ে থাকবে - চশমা কোন সাহায্য করবে না
- অল্প ওজন নিয়ে জন্মানো শিশু এবং যে সকল শিশুর স্নায়ুবিিক সমস্যা আছে তাদের চোখের সমস্যা তৈরী হওয়ার বড় ধরনের ঝুঁকি আছে

## আমার সন্স্থানের দৃষ্টি স্ক্রীনের প্রয়োজন আছে কি?

NSW স্বাস্থ্য বিভাগ সকল শিশুদের স্কুল শুরুর হওয়ার পূর্বে তাদের দৃষ্টি স্ক্রীনের জন্য উপদেশ দিচ্ছে এবং সকল ৪ বছর বয়সী শিশুদের দৃষ্টি স্ক্রীন প্রকল্পে অংশগ্রহণ করার জন্য জোরালোভাবে সুপারিশ করছে।

## কিভাবে আমার সন্স্থান StEPS প্রকল্পে অংশ নিতে পারে?

আপনার স্থানীয় স্বাস্থ্য জেলা প্রি-স্কুল এবং শিশু সেবা কেন্দ্রগুলোকে লক্ষ্য করে সকল ৪ বছর বয়সী শিশুদের বিনামূল্যে দৃষ্টি স্ক্রীনের প্রস্তুতি দিবে। আপনার শিশুর দৃষ্টি স্ক্রীন করানোর জন্য আপনাকে একটি সম্মতি ফর্ম পূরণ করে সেটি প্রি-স্কুল/শিশু সেবা কেন্দ্রে ফেরত পাঠাতে হবে।

আপনি আপনার স্থানীয় শিশু এবং পারিবারিক স্বাস্থ্য সেবা কেন্দ্রের মাধ্যমেও বিনামূল্যে আপনার ৪ বছর বয়সী শিশুর দৃষ্টি স্ক্রীন করতে পারেন। আপনার স্থানীয় শিশু এবং পারিবারিক স্বাস্থ্য সেবা কেন্দ্রে যোগাযোগের বিস্মারিত বর্ণনা এই বইয়ের পিছনে আছে।



## আমি কিভাবে জানবো আমার সন্স্থানের দৃষ্টির সমস্যা আছে কিনা?

যে সকল শিশুদের দৃষ্টি স্ক্রীনিং করানো হবে তাদের পিতামাতা/সেবাদানকারীদেরকে দৃষ্টি স্ক্রীনের ফলাফল জানানো হবে। যদি দৃষ্টির সমস্যা ধরা পরে তাহলে আপনার স্থানীয় স্বাস্থ্য জেলা আপনার সাথে যোগাযোগ করবে এবং আপনাকে একজন চতুর্ বিশেষজ্ঞ দ্বারা আপনার শিশুর চোখ সম্পূর্ণভাবে পরীক্ষা করতে বলা হবে।

যেহেতু শিশুর চোখ মোটামোটিভাবে ৪ বছর বয়স পর্যন্ত তৈরী হতে থাকে, তাই প্রতিটি শিশুর দৃষ্টি এই বর্ধনশীল বছরগুলোতে যাতে স্বাভাবিকভাবে তৈরী হয় সেটি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ।

StEPS প্রকল্পটি একটি দৃষ্টি স্ক্রীনিং প্রকল্প এবং এটি সম্পূর্ণভাবে পরীক্ষা-নিরীক্ষা করে না। আপনার যদি আপনার শিশুর দৃষ্টি নিয়ে কোন উদ্বেগ থাকে তাহলে আপনার শিশুর দৃষ্টি একজন চতুর্ বিশেষজ্ঞ দ্বারা সম্পূর্ণভাবে পরীক্ষা করাতে সুপারিশ করা হচ্ছে।